রুবাইয়্যাত -ই- 'উমর খয়্যাম

অনুবাদ : ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ

প্রভিন্সিয়াল লাইব্রেরী, ঢাকা

রুবা'ইয়্যাত -ই- 'উমর খয়্যাম,
অনুবাদ : ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ

প্রথম সংস্করণ : ১৯৪২ ইং

প্রকাশক : খান বাহাদুর
কাজী আবদুর রশীদ

প্রভিন্সিয়াল লাইব্রেরী,
ভিক্টোরিয়া পার্ক, ঢাকা

১ টাকা

প্রেমরোগীদের সঙ্গ, হৃদয়, ক'রো তুমি বর্জ্জন,
দেখো কেন প্রেমব্যবসায় খুইও নাক সব ধন।
ফকিরাদিগের আস্তানাতে হাজির হইয়া নিত্য,
হয় ত তারা ভক্ত-দলে করবে তোমায় গ্রহণ।

১৩৬ (B.55)

বিশ্বের যত তত্ত্ব আছে গুপ্ত আমার এ দপ্তরে
প্রকাশ ক'রে বল্‌তে গেলে শির রবে না ঘাড়ের 'পরে।
নাই ক যখন পণ্ডিত মাঝে উপযুক্ত একটি জনও,
উচিত নয় ক ব'লে ফেলা যত আছে মোর অন্তরে।

১৫১ (R.11)